# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যার উপর রক্ত সম্পর্ক বজায়কারী নাম প্রযোজ্য হবে, তার বিবরণ

ذِكْرُ وَصْفِ الْوَاصِلِ رَحِمَهُ الَّذِي يَقَعُ عَلَيْهِ اسم الواصل

আরবী

أَخْبَرَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدِ بْنِ الْمُبَارَكِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ فِطْرٍ عَنْ مُجَاهِدٍ قَالَ: سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرٍو يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الرحم معلقة بالعرش وليس الواصل بالمُكَافِىء وَلَكِنَّ الْوَاصِلَ الَّذِي إِذَا انْقَطَعَتْ رَحِمُهُ وَصَلَهَا)

الراوي : عَبْد اللَّهِ بْن عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 446 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৪৪৬. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “الرَّحِمُ (রক্ত সম্পর্ক বা জরায়ূ) আরশের সাথে ঝুলে থাকবে। যে ব্যক্তি (অন্যের ভালো আচরণের) বদলা হিসেবে সুসম্পর্ক বজায় রাখে সে প্রকৃত রক্ত সম্পর্ক বজায়কারী নয়, নিশ্চয়ই প্রকৃত সম্পর্ক বজায়কারী ঐ ব্যক্তি যিনি রক্ত সম্পর্ক কেউ ছিন্ন করলে, তিনি তার সাথে সম্পর্ক বজায় রাখেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৩৯; মুসনাদ আহমাদ: ২/১৬৩; সুনান বাইহাকী: ৭/২৭; সহীহ আল বুখারী; ৫৯৯১; আদাবুল মুফরাদ: ৬৮; আবু দাউদ: ১৬৯৭; তিরমিযী; ১৯০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (গায়াতুল মারাম: ২৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88910

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন